

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
টেকনাফ, কক্সবাজার।  
dls.teknaf.coxsbazar.gov.bd

স্মারক নং: ৩৩.০১.২২৯০.০০০.১৮.০০১.২১-৩৬৩

তারিখ: ২৩/১১/২০২১ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন 'প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প' এর আওতায় প্রকল্পের অনুমোদিত ডিপিপি সংস্থান অনুযায়ী অত্র উপজেলায় ১ (এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নাম্বার, জাতীয়তা, এনআইডি নাম্বার, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্য সম্বলিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ০২/১২/২০২১ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হল।

### যোগ্যতা/শর্তাবলী:

১. টেকনাফ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. নূন্যতম এসএসসি বা সমমান পাশ হতে হবে।
৩. নিজে গবাদিপশু পালন ও ঘাস চাষে আগ্রহী হতে হবে।
৪. উপজেলায় খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাস চাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরকে সম্প্রসারণ এজেন্ট হিসেবে সহযোগিতা প্রদানে আগ্রহী হতে হবে।
৫. উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাসের ক্রয়-বিক্রয় কেন্দ্র/বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে আগ্রহী হতে হবে।

### সুবিধা:

নির্বাচিত কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) প্রকল্প চলাকালীন প্রকল্পের সংস্থান অনুযায়ী মাসিক ভাতা প্রাপ্য হবেন।

স্বা/-

(ডা: মোহাম্মদ শওকত আলী)  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
টেকনাফ, কক্সবাজার।

### অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, টেকনাফ, কক্সবাজার
২. উপজেলা কৃষি অফিসার, টেকনাফ, কক্সবাজার
৩. নোটিশ বোর্ড, অত্র দপ্তর
৪. অফিস কপি